

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটির পরিবীক্ষণ প্রতিবেদন

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিটিজেনস চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক ৩১ মার্চ ২০২২ তারিখ এ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করা হয়। ইতঃপূর্বে অক্টোবর ২০২১ এবং ডিসেম্বর ২০২১ মাসে যথাক্রমে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট ও বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের সিটিজেন চার্টার পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণে প্রদত্ত সুপারিশ/সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো:

প্রথম ত্রৈমাসিকে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট এর সিটিজেন চার্টার পরিবীক্ষণে ১০টি সুপারিশ প্রদান করা হয়। সুপারিশের আলোকে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করে। সংশোধিত সিটিজেন চার্টারে ৮টি সুপারিশ বাস্তবায়ন করা হলেও ‘প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান’ এর কলামে শুধুমাত্র প্রাপ্তিস্থান এবং ‘সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি’ কলামে প্রয়োজ্য ক্ষেত্রে সেবামূল্য উল্লেখ করা হলেও পরিশোধ পদ্ধতি উল্লেখ করা হয়নি (সংশোধিত সিটিজেন চার্টার সংযুক্ত-ক)। ফলে পরিবীক্ষণে গৃহীত সিদ্ধান্ত ৯০ ভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে গণ্য করা যায়।

দ্বিতীয় ত্রৈমাসিকে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর সিটিজেন চার্টার পরিবীক্ষণ করা হয় এবং ৯টি ক্ষেত্রে সংশোধনের সুপারিশ করা হয়। সুপারিশের আলোকে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল সিটিজেন চার্টার সংশোধন করত: ওয়েবসাইটে আপলোড করেছে। সংশোধিত সিটিজেন চার্টারে ৯টি সুপারিশের প্রতিটি বাস্তবায়ন করা হলেও ‘সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি’ কলামে প্রয়োজ্য ক্ষেত্রে সেবামূল্য উল্লেখ করা হলেও কতিপয় সেবার পরিশোধ পদ্ধতি উল্লেখ করা হয়নি (সংশোধিত সিটিজেন চার্টার সংযুক্ত-খ)। ফলে পরিবীক্ষণে গৃহীত সিদ্ধান্ত ১০০ ভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে গণ্য করা যায়।


গত ৩১ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টার পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণের আলোকে প্রতিবেদন নিম্নরূপ:

পরিবীক্ষণকৃত বিষয়সমূহ:


- সংস্থার নাম ও ওয়েব ঠিকানার পর অফিসের বিস্তারিত ঠিকানা উল্লেখ যথাযথ নয়;
- প্রাতিষ্ঠানিক সেবার ১, ৩, ৬ ও ৭নং ক্রমিকে বর্ণিত সেবাগুলো রুটিন কাজ বিধায় এগুলো সেবা নয়;
- অভ্যন্তরীণ সেবার ৭ ও ৮ নং সেবাগুলো প্রকৃতপক্ষে রুটিন কাজ, কোন সেবা নয়;
- প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান এর কলামে অধিকাংশ ক্ষেত্রেই প্রাপ্তি স্থান উল্লেখ আছে। প্রয়োজনীয় কাগজপত্রের উল্লেখ নেই

সুপারিশ/সিদ্ধান্ত:


- সংস্থার নাম ও ওয়েব ঠিকানার পর অফিসের বিস্তারিত ঠিকানা বাদ দিতে হবে;
- প্রাতিষ্ঠানিক সেবার ১, ৩, ৬ ও ৭নং ক্রমিকে বর্ণিত সেবাগুলো রুটিন কাজ বিধায় সিটিজেন চার্টার হতে বাদ দিতে হবে;




- অভ্যন্তরীণ সেবার ৭ ও ৮ নং সেবাগুলো প্রকৃতপক্ষে রুটিন কাজ বিধায় সিটিজেন চার্টার হতে বাদ দিতে হবে;
- 'প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান' এর কলামে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা বিস্তারিত উল্লেখ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে নমুনা লিংক হিসেবে দিতে হবে;
- সর্বোপরি, সুপারিশ/সিদ্ধান্তের আলোকে সিটিজেন চার্টার হালনাগাদকরত: ৩০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে নিজস্ব ওয়েবসাইটে আপলোড এবং মন্ত্রণালয়কে প্রেরণ করতে হবে।


৬/৪/২২
(নূর মোহাম্মদ)
প্রোগ্রামার
ও

সদস্য সচিব
সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি


০৬/৪/২২
(মো: আবদুর রহমান)
উপসচিব
ও

সদস্য
সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি


০৬/৪/২২
(সুবোল বোম্ম মনি)
অতিরিক্ত সচিব
ও

আহবায়ক
সিটিজেট চার্টার পরিবীক্ষণ কমিটি